



“মুজিববর্ষ-পল্লী বিদ্যুতের সেবা বর্ষ”  
“মুজিববর্ষেই নিশ্চিত হবে শতভাগ বিদ্যুতায়ন”



ISO 9001, ISO 14001 &  
ISO 45001 Certified

বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড  
BANGLADESH RURAL ELECTRIFICATION BOARD

নির্বাহী পরিচালক-এর দপ্তর  
বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড  
সদর দপ্তর ভবন, নিকুঞ্জ-২  
খিলক্ষেত, ঢাকা-১২২৯।  
ফোন-৮৯০০৩০৬  
E-mail: edreb123@yahoo.com

স্মারক নং-২৭.১২.০০০০.০০৭.১৮.১০২.২২-১৬

তারিখঃ ২৬ পৌষ ১৪২৯ বঙ্গাব্দ  
১০ জানুয়ারি ২০২৩ খ্রিস্টাব্দ

সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার  
.....পবিস-১/২/৩/৪

**বিষয়ঃ ডেঙ্গু ও চিকুনগুনিয়া প্রতিরোধে কার্যকর পদক্ষেপ গ্রহণ প্রসঙ্গে।**

০১। বিগত বছরগুলোতে ডেঙ্গু ও চিকুনগুনিয়া আমাদের দেশে মহামারি আকার ধারণ করেছিল। তাছাড়া, অত্র বছরের এই সময়ে ডেঙ্গুর সংক্রমণের একটি উর্দ্ধগতি লক্ষ্য করা যাচ্ছে। প্রতি বছরের মত এই বছরেও ডেঙ্গু ও চিকুনগুনিয়া রোগের বিস্তার আরও বিপর্যয় সৃষ্টি করতে পারে। ডেঙ্গু ও চিকুনগুনিয়া রোগের প্রাদুর্ভাব রোধকল্পে পালনীয় নির্দেশনাবলী নিম্নরূপঃ

- (ক) সমিতির আজিানা ও এর আশেপাশের পরিবেশ পরিষ্কার-পরিচ্ছন্ন রাখার ব্যবস্থা গ্রহণ করতে হবে;
- (খ) পানি জমা হতে পারে এমন সামগ্রী যেমন ফুলের টব, প্লাস্টিকের পাত্র, মাটির পাত্র, পরিত্যক্ত টায়ার, প্লাস্টিকের ড্রাম, বালতি, টিনের কোঁটা, ডাবের খোসা/নারিকেলের মালা, কন্টেইনার, মটকা, ব্যাটারির শেল, ভাঙ্গা ইন্সুলেটরসহ অন্যান্য অনুরূপ পুরাতন জিনিসপত্র এমনভাবে রাখতে হবে যাতে সেখানে পানি না জমে থাকে। প্রয়োজনে বর্ণিত সামগ্রীসমূহ সরিয়ে ফেলার ব্যবস্থা গ্রহণ করতে হবে;
- (গ) এডিস মশা সাধারণত ভোরবেলা ও সন্ধ্যার পূর্বে কামড়ায়। তাই প্রতিদিন সকাল এবং সন্ধ্যায় আপনার সমিতির অফিস/আবাসিক ভবনের আশেপাশের ড্রেন/নর্দমা বা যে সকল স্থানে মশার প্রাদুর্ভাব দেখা দেয় সে সকল স্থানে ফগার মেশিন দিয়ে মশক নিধক ঔষধ ছিটাতে হবে। যে সকল সমিতিতে ফগার মেশিন নেই সে সকল সমিতিতে ফগার মেশিন ক্রয় করতে হবে। প্রয়োজনে এ ব্যাপারে সিটি কর্পোরেশন/পৌরসভা/ইউনিয়ন পরিষদের সহায়তা গ্রহণ করতে হবে;
- (ঘ) দিনে অথবা রাতে ঘুমানোর সময় মশারী ব্যবহার করতে হবে;
- (ঙ) মশার কামড় থেকে রক্ষাকল্পে ফুল-স্নীভ পোশাক পরিধান করতে হবে;
- (চ) এসির আউটলেটে জমে থাকা পানি, ফ্রিজের নিচে জমে থাকা পানি এবং বাসার অন্যান্য অংশে জমে থাকা পানি অপসারণ করে মশার বংশ বিস্তার রোধ করতে হবে;
- (ছ) নির্মাণাধীন/নির্মিত ভবন এবং এর আশেপাশের চৌবাচ্চার পানি পরিবর্তন করতে হবে;
- (জ) নির্মাণাধীন ভবনের কিউরিং চলাকালীন সময়ে পানি জমিয়ে না রেখে ৩ (তিন) দিন পর পর পানি পরিবর্তন করতে হবে;
- (ঝ) ডেঙ্গু ও চিকুনগুনিয়া প্রতিরোধে সমিতির বোর্ড সভা/স্টাফ সভা/সমন্বয় সভায় আলোচনা করতে হবে। এর ক্ষতিকর প্রভাব সম্পর্কে কর্মকর্তা/কর্মচারীদের মধ্যে সচেতনতা তৈরি করতে হবে;
- (ঞ) ডেঙ্গু প্রতিরোধে সার্বিক বিষয়টি মনিটরিং করার জন্য সমিতির প্রতিটি অফিসভিত্তিক একজন করে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/কর্মচারী নির্বাচন করতে হবে।

অপর পৃষ্ঠায় দ্রঃ

০২। এমতাবস্থায়, ডেঙ্গু ও চিকুনগুনিয়া রোগের বিস্তার রোধকল্পে বর্ণিত নির্দেশনাবলী যথাযথভাবে অনুসরণ করার জন্য অনুরোধ জানানো হল।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে।

(খালেদা পারভীন) ১৭/০২/১৭

নির্বাহী পরিচালক

মোবাইলঃ ০১৭৬৯৪০০০০৫

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ

০১। প্রধান প্রকৌশলী (পওপ/ প্রকল্প)/নিয়ন্ত্রক (অর্থ ও হিসাব), বাপবিবো, ঢাকা।

০২। অতিরিক্ত প্রধান প্রকৌশলী (পরিচালন, রক্ষণাবেক্ষণ ও বিতরণ/পরিকল্পনা ও ডিজাইন), বাপবিবো, ঢাকা।

০৩। পরিচালক, পবিস মঃ ও ব্যঃ পঃ (কেঃ/উঃ/দঃ/পূঃ/পঃ) পরিদপ্তর,  
বাপবিবো, ঢাকা।

আওতাধীন পবিসসমূহ কে বিষয়টি তদারকি করার জন্য অনুরোধ জানানো হলো।

০৪। একান্ত সচিব, চেয়ারম্যান, বাপবিবোর্ড, ঢাকা।

০৫। একান্ত সচিব, সদস্য (প্রশাসন/অর্থ/বিতরণ ও পরিচালন/সমিতি ব্যবস্থাপনা/পরিকল্পনা ও উন্নয়ন), বাপবিবো, ঢাকা।

মোহাম্মদ আবুল বাশার  
২০/০২/১৭

(মোহাম্মদ আবুল বাশার)

সহকারী পরিচালক